

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ (ডিডিএম)  
গফরগাঁও, ময়মনসিংহ।  
web:gafargaon.mymensing.gov.bd

অতি জরুরি

স্মারক নং- ৫১.০১.৬১২২.০০০.৪২.১৪৯.২৩-৪৮১

তারিখঃ ২২ চৈত্র ১৪২৯  
০৫ এপ্রিল ২০২৩

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্য সহায়তা (চাল) প্রদানের জন্য উপকারভোগীদের নামের তালিকা দাখিল।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা), ময়মনসিংহ এর গত ০৪ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখের ৫১.০১.৬১০০.০০০.৪১.০৫৬.২০-৩০৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত ১০(দশ) কেজি হারে চাল বিতরণের জন্য এ উপজেলার অনুকূলে=২০,৪১৩(বিশ হাজার চারশত তের) টি কার্ডের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত কার্ড জনসংখ্যা অনুযায়ী ইউনিয়নভিত্তিক নিম্নরূপভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো। নিম্নে বর্ণিত শর্তাবলি অনুসরণপূর্বক ইউনিয়ন মানবিক সহায়তা কর্মসূচির সভার কার্যবিবরণীসহ ০২(দুই) প্রস্থ উপকারভোগীদের নামের তালিকা জরুরিভাবে দাখিল করে আগামী ১৪/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে চাল বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	ইউনিয়নের নাম	ইউনিয়নের জনসংখ্যা	কার্ড সংখ্যা	বরাদ্দকৃত চাল (মে.টন)
০১	রসুলপুর	২৩,৪৪৩ জন	১,১৯২ টি	১১.৯২০ মে.টন
০২	বারবাড়ীয়া	১৮,১৭১ "	৯২৪ "	৯.২৪০ "
০৩	চরআলগী	২৮,৮৪৮ "	১,৪৬৭ "	১৪.৬৭০ "
০৪	সালটিয়া	২৯,৩৮০ "	১,৪৯৪ "	১৪.৯৪০ "
০৫	যশরা	২৫,১২১ "	১,২৭৭ "	১২.৭৭০ "
০৬	রাওনা	২৬,০৫৪ "	১,৩২৫ "	১৩.২৫০ "
০৭	মশাখালী	২৮,৬১৮ "	১,৪৫৫ "	১৪.৫৫০ "
০৮	গফরগাঁও	২৮,৫৮৫ "	১,৪৫৪ "	১৪.৫৪০ "
০৯	পাঁচবাগ	২৭,৯৯১ "	১,৪২৩ "	১৪.২৩০ "
১০	উষ্টি	২২,৮৩৬ "	১,১৬১ "	১১.৬১০ "
১১	লংগাইর	২৩,১৫৬ "	১,১৭৮ "	১১.৭৮০ "
১২	পাইথল	২৪,৩২০ "	১,২৩৭ "	১২.৩৭০ "
১৩	দত্তের বাজার	৩০,৬৮৯ "	১,৫৬১ "	১৫.৬১০ "
১৪	নিগুয়ারী	৩৪,৮৪৪ "	১,৭৭২ "	১৭.৭২০ "
১৫	টাংগাব	২৯,৩৬৫ "	১,৪৯৩ "	১৪.৯৩০ "
মোট		৪,০১,৪২১ জন	২০,৪১৩টি	২০৪.১৩০ মে.টন

শর্তাবলিসমূহঃ

ক) বাংলাদেশ পরিসংখ্যান বুরোর ২০১৬ এর তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। [www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd) – এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

নিম্নোক্ত শর্তাবলির মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবেঃ-

- ০১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
- ০২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
- ০৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
- ০৪। যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
- ০৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
- ০৬। যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই;
- ০৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা;
- ০৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;

চলমান পাতা-২

- ০৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি;  
১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;  
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/সংকটে পড়েছে;  
১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

- গ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।  
ঘ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।

ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

চেয়ারম্যান  
ইউনিয়ন পরিষদ (সকল)  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- ৫১.০১.৬১২২.০০০.৪২.১৪৯.২৩-৪৮১

অনুলিপিঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৫ ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।

২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ।

৫। উপজেলা.....অফিসার ও ট্যাগ অফিসার, .....ইউনিয়ন পরিষদ,  
গফরগাঁও, ময়মনসিংহ।

৬। অফিস কপি।

মোঃ আবিদুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।

ফোনঃ +৮৮০৯০২৫-৫৬০২০

E-mail: [unogafargaon@gmail.com](mailto:unogafargaon@gmail.com)

০৫/০৪/২৩

তারিখঃ ২২ চৈত্র ১৪২৯  
০৫ এপ্রিল ২০২৩

//  
উপজেলা নির্বাহী অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।